দৈনিক জনকণ্ঠ

০9 JUN 2017
তারিখ ... 10 JUN 2017
পৃঃ ... কলাম ...

# মানসম্পন্ন শিক্ষার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই ॥ এনইউ ভিসি

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের (এনইউ) সিইডিপি প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় রাষ্ট্রবিজ্ঞান ও বাংলা বিষয়ের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাজেন্দ্রপুর ব্র্যাক সেন্টারে ৫৭ প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে শিক্ষা সফরের অংশ হিসেবে দিনভর বিষয়ভিত্তিক এ কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ কর্মশালায় সভাপতিত্ব করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের আইনে কলেজ শিক্ষকদের প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। সে অনুযায়ী প্রতিষ্ঠার পর থেকেই জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে আসছে। কলেজ শিক্ষার মানোন্নয়নে সম্প্রতি গৃহীত ১৩০ মিলিয়ন ইউএস ডলারের সমপরিমাণ অর্থের সিইডিপি প্রকল্পেও প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে।

কেননা শিক্ষার মানোন্নয়নে শিক্ষক প্রশিক্ষণের বিকল্প নাই। এ শিক্ষা সফর ও কর্মশালায় উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের কোর্স উপদেষ্টা প্রফেসর ড. আল-মাসুদ হাসানুজ্জামান প্রমুখ।